ইসলামের প্রথম খলিফা হজরত আবু বকর সিদ্দিক রাদিয়াল্লাহু আনহু কুরআন মাজিদকে গ্রন্থাকারে সংকলন করেন। তাঁর নির্দেশে হজরত যায়েদ বিন সাবিত রাদিয়াল্লাহু আনহু-এর নেতৃত্বে সংকলনের কাজটি সম্পাদিত হয়। পরবর্তীতে হজরত উসমান রাদিয়াল্লাহু আনহু কুরআন মাজিদ অভিন্ন রীতিতে পঠন-পাঠনের ব্যবস্থা করেন। তিনি কুরাইশি রীতি অনুযায়ী কুরআন মাজিদের সাতটি কপি প্রস্তুত করে বিভিন্ন প্রদেশে পাঠিয়ে দেন এবং সকলকে উক্ত রীতি মোতাবেক কুরআন তিলাওয়াত করার আদেশ করেন। এজন্য হজরত উসমান রাদিয়াল্লাহু আনহুকে 'জামিউল কুরআন' বলা হয়। কুরআন মাজিদে হরকত ও নুকতা সংযোজন করেন হজরত আবুল আসওয়াদ আদদোয়াইলি রহমাতুল্লাহি আলাইহি। মূলত খলিফা হাজ্জাজ বিন ইউসুফের নির্দেশে তিনি এ কাজটি করেছিলেন। সর্বপ্রথম ১৬৯৪ সালে জার্মানির হামবুর্গ শহরে কুরআন মাজিদ ছাপা হয়।

অনুশীলনী

১। এককথায় উত্তর দাও :

ক. কুরআন মাজিদ কী ?

খ. কুরআন মাজিদ কোন ফেরেশতার মাধ্যমে নাজিল হয় ?

গ. কত বছর ধরে কুরআন মাজিদ নাজিল হয় ?

ঘ. সর্বপ্রথম কোথায় কুরআন মাজিদ নাজিল হয় ?

ঙ. কাতিবে অহির সংখ্যা কত জন ?

চ. জামিউল কুরআন কাকে বলা হয় ?

ছ. কুরআন মাজিদ প্রথম কোথায় ছাপা হয় ?

২। শূন্যস্থান পূরণ করো :

ক. কুরআন মাজিদ .....এর উপর নাজিল হয়েছে।

খ. কুরআন মাজিদ মোট .....বছর ধরে নাজিল হয়েছে ।

গ. মহানবি (ﷺ) ..... ভাবে কুরআন সংরক্ষণের ব্যবস্থা নেন ।

ঘ. কুরআন লেখকদেরকে ..... বলা হয় ।

ঙ. গ্রন্থাকারে কুরআন সংকলনের মূল দায়িত্ব পালন করেন .....।

চ. ..... কে জামিউল কুরআন বলা হয় ।

৩। সঠিক উত্তরটি লেখ :

ক. কুরআন কার উপর নাজিল হয়েছে ?

হজরত মুসা (عليه السلام) / হজরত ইসা (عليه السلام) / হজরত মুহাম্মাদ (ﷺ)

খ. কার মাধ্যমে কুরআন নাজিল হয় ?

হজরত জিবরীল (عليه السلام) / হজরত মিকাইল (عليه السلام) / হজরত আজরাইল (عليه السلام)

গ. কুরআনে হরকত দেওয়া হয় কার নির্দেশে?

হজরত উমর (رضي الله عنه)/ হাজ্জাজ বিন ইউসুফ / আব্দুল্লাহ

ঘ. জামিউল কুরআন কাকে বলা হয়?

হজরত আবু বকর (رضي الله عنه)/ হজরত উমর (رضي الله عنه)/ হজরত উসমান (رضي الله عنه)

ঙ. সর্বপ্রথম কুরআন সংকলনকারী সাহাবির নাম কী?

হজরত আবু বকর (رضي الله عنه)/ হজরত উসমান (رضي الله عنه)/ হজরত উমর (رضي الله عنه)

চ. কুরআন লেখক সাহাবিদের উপাধি কী?

কাতেবে অহি/ হাফেজ/ মুফাসসির

৪। বাম পাশের শব্দের সাথে ডান পাশের শব্দের মিল করো :

ক্রমিক নং	বাম	ডান
১	কুরআন মাজিদ	২৩ বছর ধরে
২	যে কষ্ট করে কুরআন পড়ে	৩০টি নেকি হবে
৩	الم পড়লে	তার দ্বিগুণ সওয়াব
৪	কুরআন মাজিদ নাজিল হয়	আল্লাহ তাআলার পবিত্র বাণী

৫। রচনামূলক প্রশ্ন :

ক. কুরআন মাজিদ তিলাওয়াতের গুরুত্ব বর্ণনা করো।

খ. কুরআন মাজিদ তিলাওয়াতের ফজিলত বর্ণনা করো।

গ. কুরআন মাজিদের তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঘ. কুরআন মাজিদ তিলাওয়াতের ফজিলত সম্পর্কে একটি হাদিস আরবিতে লেখ।

ঙ. الم পাঠ করলে কতটি নেকি লাভ হবে? ব্যাখ্যা করো।

২য় অধ্যায়

হিফজ ও লেখা

শিক্ষক নির্দেশিকা

ক. শিক্ষক মহোদয় প্রতিদিন অল্প অল্প করে শুদ্ধ উচ্চারণসহ শিক্ষার্থীদের সূরাগুলো মখস্থ করাবেন। প্রতিদিন পাঠ শুনার মাধ্যমে শিক্ষার্থীদের পাঠ মুখস্থ করার ব্যাপারে তাগিদ সৃষ্টি করবেন। একটি সূরা শেষ হলে সেটিকে পূর্ণাঙ্গভাবে সকলের কাছ থেকে শোনা নিশ্চিত করবেন।

খ. শিক্ষক মহোদয় প্রতিদিন একটি করে আয়াত বোর্ডে লিখে ছাত্রদের তা অনুসরণ করে লিখতে বলবেন এবং বাড়ি থেকে আয়াতটি কয়েকবার লিখে আনতে বলবেন। এভাবে সূরাটি শেষ হলে পূর্ণাঙ্গ সূরা একবারে লিখতে বলবেন।

১ম পাঠ

কুরআন মাজিদ হিফজ করা এবং লেখার গুরুত্ব ও ফজিলত

ক. হিফজ করার গুরুত্ব ও ফজিলত

কুরআন মাজিদ আল্লাহ তাআলার পক্ষ থেকে অবতীর্ণ মানবজাতির জন্য সর্বশেষ আসমানি কিতাব। তাই কুরআন অনুযায়ী জীবন গড়ার জন্য তা তিলাওয়াত ও অনুধাবন করা জরুরি। তিলাওয়াতের পাশাপাশি কুরআন মাজিদের পূর্ণ বা আংশিক মুখস্থ করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা প্রয়োজন মতো কুরআন মুখস্থ করা সকল মুসলিমের জন্য ফরজে আইন। অবশ্য পূর্ণ কুরআন মাজিদ মুখস্থ করা ফরজে কিফায়া।

কুরআন মাজিদ নাজিলের পরে মহানবি (ﷺ) সাহাবায়ে কেরামকে তা লিখে রাখার পাশাপাশি মুখস্থ করারও নির্দেশ দিতেন। ফলে সাহাবায়ে কেরাম অধীর আগ্রহ নিয়ে কুরআন মাজিদ মুখস্থ করতেন।

প্রবাদ আছে যে, اَلْعِلْمُ فِي الصُّدُوْرِ لَا فِي السُّطُوْرِ

অর্থাৎ, ইলম হলো যা বক্ষে থাকে, যা ছত্রে থাকে তা প্রকৃত ইলম নয়।

তাই কুরআন মাজিদ শিক্ষার ক্ষেত্রে মুখস্থ করার দিকটা আমাদের প্রাধান্য দেয়া উচিত। কেননা, সালাত আদায় করা প্রত্যেক মুসলিমের জন্য ফরজ। আর কুরআন মাজিদ মুখস্থ

পড়া ছাড়া সালাত আদায় করা সম্ভব নয়। অন্য হাদিসে উল্লেখ আছে–

مَثَلُ الَّذِي يَقْرَأُ القُرْآنَ وَهُوَ حَافِظٌ لَهُ، مَعَ السَّفَرَةِ الكِرامِ البَرَرَةِ. (رَوَاه البُخَاري عن عَائِشة رضـ)

অর্থাৎ, হাফেজে কুরআন যিনি কুরআন তিলাওয়াত করেন, তার তুলনা লেখার কাজে নিয়োজিত সম্মানিত ও পুণ্যবান ফেরেশতাদের সাথে। (বুখারি, ৪৯৩৭)

হজরত আলি (رضي الله عنه) থেকে বর্ণিত, রাসুল (صلى الله عليه وسلم) বলেন, যে ব্যক্তি কুরআন পড়ে অতঃপর তা মুখস্থ করে তার পরিবারের এমন দশ জনের ব্যাপারে তার সুপারিশ কবুল করা হবে, যাদের উপর জাহান্নাম অবধারিত হয়েছিল। (মুসনাদে আহমদ, হাদিস নং ১২৬৭)

তাই আমাদের উচিত, কুরআন মাজিদ থেকে নিয়মিত সাধ্য অনুযায়ী মুখস্থ করা।

খ. লেখার গুরুত্ব

আল্লাহ তাআলা মানবজাতিকে শিক্ষা দিয়েছেন কলমের মাধ্যমে। তাই পাঠ মুখস্থ করার সাথে সাথে তা লেখার গুরুত্ব অপরিসীম। বলা হয়– **اَلْعِلْمُ صَيْدٌ وَالْكِتَابَةُ لَهُ قَيْدٌ** অর্থাৎ জ্ঞান হলো শিকার সাদৃশ আর তা লেখে রাখা হলো তাকে বন্দি করার নামান্তর।

লেখার গুরুত্ব থাকার কারণেই মহানবি (صلى الله عليه وسلم) কুরআন মাজিদ সংরক্ষণের ক্ষেত্রে মুখস্থ করে রাখার পাশাপাশি লিখে রাখার উপর জোর তাগিদ দেন এবং কাতিবে অহি দ্বারা কুরআন মাজিদ লিখে রাখার ব্যবস্থা করেন। পরবর্তীতে হজরত আবু বকর (رضي الله عنه) এবং হজরত উসমান (رضي الله عنه) এর আমলে কুরআন মাজিদ লেখার বিষয়টি আরো গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। কোন এক সাহাবির শোনা বিষয় ভুলে যাওয়ার অভিযোগের প্রেক্ষিতে নবি করিম (صلى الله عليه وسلم) তাকে বলেন, তুমি তোমার ডান হাতের সাহায্য নাও অর্থাৎ লিখে রাখ। হাতের লেখা সুন্দর করা এবং মুখস্থ দীর্ঘসময় ধরে মনে রাখার জন্য লেখার বিকল্প নাই। তাই কুরআন মাজিদ মুখস্থ করা ও হাতে লিখে শেখার জন্য নিম্নের সূরাগুলো প্রদত্ত হলো।

২য় পাঠ

সূরাতুয যিলযাল (৯৯), মদিনায় অবতীর্ণ

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا زُلْزِلَتِ الْاَرْضُ زِلْزَالَهَا [لا] ﴿١﴾ وَاَخْرَجَتِ

الْاَرْضُ اَثْقَالَهَا [لا] ﴿٢﴾ وَقَالَ الْاِنْسَانُ مَا لَهَا [ج]

﴿٣﴾ يَوْمَئِذٍ تُحَدِّثُ اَخْبَارَهَا [لا] ﴿٤﴾ بِاَنَّ رَبَّكَ اَوْحٰى

لَهَا [ط] ﴿٥﴾ يَوْمَئِذٍ يَّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا [ه/ۙ] لِّيُرَوْا

اَعْمَالَهُمْ [ط] ﴿٦﴾ فَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهٗ

[لا] ﴿٧﴾ وَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ [ع] ﴿٨﴾

৩য় পাঠ

সূরাতুল আদিয়াত (১০০), মক্কায় অবতীর্ণ

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -১১

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْعٰدِيٰتِ ضَبْحًا [لا] ﴿١﴾ فَالْمُوْرِيٰتِ قَدْحًا [لا] ﴿٢﴾

فَالْمُغِيْرٰتِ صُبْحًا [لا] ﴿٣﴾ فَاَثَرْنَ بِهٖ نَقْعًا [لا] ﴿٤﴾

فَوَسَطْنَ بِهٖ جَمْعًا [لا] ﴿٥﴾ اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ [ج]

﴿٦﴾ وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ لَشَهِيْدٌ [ج] ﴿٧﴾ وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ

لَشَدِيْدٌ [ط] ﴿٨﴾ اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِى الْقُبُوْرِ [لا]

﴿٩﴾ وَحُصِّلَ مَا فِى الصُّدُوْرِ [لا] ﴿١٠﴾ اِنَّ رَبَّهُمْ بِهِمْ

يَوْمَئِذٍ لَّخَبِيْرٌ [ع] ﴿١١﴾

৪র্থ পাঠ

সূরাতুল কারিয়াহ (১০১), মক্কায় অবতীর্ণ

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -১১

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْقَارِعَةُ [لا] ﴿١﴾ مَا الْقَارِعَةُ [ج] ﴿٢﴾ وَمَآ اَدْرٰىكَ مَا

الْقَارِعَةُ [ط] ﴿٣﴾ يَوْمَ يَكُوْنُ النَّاسُ كَالْفَرَاشِ

الْمَبْثُوْثِ [لا] ﴿٤﴾ وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ

[ط] ﴿٥﴾ فَاَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ [لا] ﴿٦﴾ فَهُوَ فِيْ

عِيْشَةٍ رَّاضِيَةٍ [ط] ﴿٧﴾ وَاَمَّا مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ [لا]

﴿٨﴾ فَاُمُّهٗ هَاوِيَةٌ [ط] ﴿٩﴾ وَمَآ اَدْرٰىكَ مَاهِيَهْ [ط]

﴿١٠﴾ نَارٌ حَامِيَةٌ [ع] ﴿١١﴾

৫ম পাঠ

সূরাতুত তাকাসুর (১০২), মক্কায় অবতীর্ণ

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْهٰكُمُ التَّكَاثُرُ [لا] ﴿١﴾ حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ [ط] ﴿٢﴾ كَلَّا
سَوْفَ تَعْلَمُوْنَ [لا] ﴿٣﴾ ثُمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ [ط] ﴿٤﴾
كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ [ط] ﴿٥﴾ لَتَرَوُنَّ الْجَحِيْمَ [لا]
﴿٦﴾ ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ [لا] ﴿٧﴾ ثُمَّ لَتُسْئَلُنَّ
يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ [ع] ﴿٨﴾

৬ষ্ঠ পাঠ

সূরাতুল আসর (১০৩), মক্কায় অবতীর্ণ

রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْعَصْرِ [لا] ﴿١﴾ اِنَّ الْاِنْسَانَ لَفِيْ خُسْرٍ [لا] ﴿٢﴾

إِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ وَ تَوَاصَوْا
بِالْحَقِّ [ه/لا] وَتَوَاصَوْا بِالصَّبْرِ [ع] ﴿٣﴾

৭ম পাঠ

সূরাতুল হুমাযাহ (১০৪), মক্কায় অবতীর্ণ
রুকু সংখ্যা-০১, আয়াত সংখ্যা -০৯

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِ ِۨ [لا] ﴿١﴾ الَّذِىْ جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ
[لا] ﴿٢﴾ يَحْسَبُ اَنَّ مَالَهٗۤ اَخْلَدَهٗ [ج] ﴿٣﴾ كَلَّا لَيُنْۢبَذَنَّ
فِى الْحُطَمَةِ [ز/ۖ] ﴿٤﴾ وَمَاۤ اَدْرٰىكَ مَا الْحُطَمَةُ [ط] ﴿٥﴾ نَارُ
اللّٰهِ الْمُوْقَدَةُ [لا] ﴿٦﴾ الَّتِىْ تَطَّلِعُ عَلَى الْاَفْـِٕدَةِ [ط] ﴿٧﴾
اِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ [لا] ﴿٨﴾ فِىْ عَمَدٍ مُّمَدَّدَةٍ [ع] ﴿٩﴾

অনুশীলনী

১। এককথায়/ একবাক্যে উত্তর দাও :

ক) প্রকৃত ইলেম কোথায় থাকে?

খ) প্রয়োজন মতো কুরআন মুখস্থ করার হুকুম কী?

গ) সালাতে কুরআন মাজিদ দেখে পড়লে কী হয়?

ঘ) কুরআন পাঠকারী কত জনের ব্যাপারে সুপারিশ করতে পারবে?

ঙ) মহানবি (ﷺ) জনৈক সাহাবিকে কোন হাতের সাহায্য নিতে বলেছেন?

চ) সূরাতুয যিলযালের আয়াত সংখ্যা কত?

ছ) সূরাতুল আদিয়াত কোথায় অবতীর্ণ হয়?

জ) সূরাতুল কারিয়ায় কতটি আয়াত রয়েছে?

ঝ) সূরাতুত তাকাসুর কোথায় নাজিল হয়েছে?

ঞ) সূরাতুল আসরের আয়াত সংখ্যা কত?

ট) সূরাতুল হুমাযাহ কোথায় নাজিল হয়েছে?

ঠ) জ্ঞানকে কিসের সাথে তুলনা করা হয়েছে?

২। শূন্যস্থান পূরণ করো :

ক) আল্লাহ তায়ালা শাস্তি দিবেন না..... মুখস্থকারীর অন্তরকে।

খ) وَاَخْرَجَتِ.....اَثْقَالَهَا

গ) بِاَنَّ رَبَّكَ.....لَهَا

ঘ) فَهُوَ فِيْ.....رَّاضِيَةٍ

ঙ) ثُمَّ لَتُسْئَلُنَّ يَوْمَئِذٍ.....النَّعِيْمِ

চ) اِنَّ الْاِنْسَانَ.....لَكَنُوْدٌ

ছ) اَلَّتِيْ تَطَّلِعُ.....الْاَفْئِدَةِ

জ).....إِنَّ الْإِنْسَانَ لَفِيْ

ঝ) সূরাতুল আসরের আয়াত সংখ্যা.....টি।

ঞ) সূরাতুল হুমাযাহ নাজিল হয়.....।

৩। সঠিক উত্তরটি খাতায় লেখ :

ক) সূরাতুয যিলযাল কুরআনের কত নং সূরা ? ৯৯/ ১০০/ ১০১

খ) সূরাতুয যিলযাল কত আয়াত বিশিষ্ট ? ০৮/০৯/১০

গ) সূরাতুল আদিয়াতে কতটি রুকু আছে ? ০১টি/ ০২টি/ ০৩টি।

ঘ) সূরাতুল কারিয়াহ কোথায় অবতীর্ণ হয়েছে ? মক্কায়/ মদিনায়/ সিরিয়ায়।

ঙ) কোন সূরাটি ০৮ আয়াত বিশিষ্ট? আসর/ তাকাসুর/ হুমাযাহ।

৪। নিচের আয়াতগুলোতে হরকত প্রদান করো :

ا) اذا زلزلت الارض زلزالها [لا] واخرجت الارض اثقالها [لا] وقال الانسان مالها [ج]

ب) ان الانسان لربه لكنود [ج] وانه على ذلك لشهيد [ج] وانه لحب الخير لشديد [ط]

ج) يوم يكون الناس كالفراش المبثوث [لا] وتكون الجبال كالعهن المنفوش [ط]

د) لترون الجحيم [لا] ثم لترونها عين اليقين [لا] ثم لتسئلن يومئذ عن النعيم [ع]

ه) والعصر [لا] ان الانسان لفي خسر [لا] الا الذين اٰمنوا وعملوا الصلحت وتواصوا بالحق وتواصوا بالصبر [ع]

৫। ডান পাশের আয়াতের অংশের সাথে বাম পাশের আয়াতের অংশ মিল করো :

ক্রমিক নং	ডান	বাম
1	اِذَا زُلْزِلَتِ	اَخْبَارَهَا
2	فَهُوَ فِيْ	لَكَنُوْدٌ
3	يَوْمَئِذٍ تُحَدِّثُ	اَخْلَدَهٗ
4	فَاُمُّهٗ	فِي الصُّدُوْرِ
5	اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ	الْمُوْقَدَة
6	يَحْسَبُ اَنَّ مَالَهٗٓ	الْاَرْضُ زِلْزَالَهَا
7	وَحُصِّلَ مَا	كَالْعِهْنِ الْمَنْفُوْشِ
8	نَارُ اللّٰهِ	تَعْلَمُوْنَ
9	وَتَكُوْنُ الْجِبَالُ	عِيْشَةٍ رَّاضِيَةٍ
10	ثُمَّ كَلَّا سَوْفَ	هَاوِيَةٌ

৬। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

ক) সূরাতুয যিলযালের প্রথম পাঁচ আয়াত হরকতসহ মুখস্থ লিখ।

খ) সূরাতুল আদিয়াতের প্রথম ছয় আয়াত হরকতসহ মুখস্থ লিখ।

গ) সূরাতুল কারিয়ার ছয় নম্বর থেকে এগারো নম্বর আয়াত হরকতসহ মুখস্থ লিখ।

ঘ) সূরাতুল আসর হরকতসহ মুখস্থ লিখ।

ঙ) সূরাতুয যিলযালের শেষ তিন আয়াত হরকতবিহীন মুখস্থ লিখ।

চ) সূরাতুত তাকাসুরের প্রথম চার আয়াত হরকতবিহীন মুখস্থ লিখ।

ছ) সূরাতুল হুমাযার ছয় নম্বর থেকে নয় নম্বর আয়াত হরকতবিহীন মুখস্থ লিখ।

জ) কুরআন মাজিদ লেখার গুরুত্ব বর্ণনা কর।

ঝ) কুরআন মাজিদ মুখস্থ করার গুরুত্ব ও ফজিলত বর্ণনা কর।

ঞ) সূরাতুয যিলযাল সহিহভাবে মুখস্থ বল।

ট) সূরাতুল আদিয়াত সহিহভাবে মুখস্থ বল ।

ঠ) সূরাতুল কারিয়াহ সহিহভাবে মুখস্থ বল ।

ড) সূরাতুত তাকাসুর সহিহভাবে মুখস্থ বল ।

ঢ) সূরাতুল আসর সহিহভাবে মুখস্থ বল ।

ণ) সূরাতুল হুমাযাহ সহিহভাবে মুখস্থ বল।

৩য় অধ্যায়

তাজভিদ

শিক্ষক নির্দেশিকা

শিক্ষক মহোদয় তাজভিদের কায়দাগুলো পড়ানোর পাশাপাশি শিক্ষার্থীরা এসব কায়দা প্রয়োগ করে সহিহ উচ্চারণ করতে পারে কি না সেদিকে লক্ষ্য রাখবেন। বোর্ডে বেশি বেশি উদাহরণ দিয়ে প্রতিটি কায়দা চর্চা করাবেন।

১ম পাঠ

ইলমে তাজভিদের গুরুত্ব ও ফজিলত

তাজভিদ (تجويد) অর্থ সুন্দর করা। যে নিয়ম-কানুন মেনে কুরআন তিলাওয়াত করলে কুরআন মাজিদের পঠন সুন্দর ও সহিহ হয় তাকে ইলমে তাজভিদ বলে। তাজভিদ শিক্ষা করা সকলের জন্য অপরিহার্য।

মহাগ্রন্থ আল কুরআন আল্লাহ তাআলার পবিত্র কালাম। এতে মানবজীবনের সার্বিক দিক নির্দেশনা রয়েছে। তাই কুরআন মাজিদ পাঠ করা আমাদের একান্ত কর্তব্য। তবে তাজভিদ অনুযায়ী কুরআন তিলাওয়াত করা আবশ্যক। কেননা অশুদ্ধ তিলাওয়াত করলে বড় গোনাহ হয়। প্রখ্যাত তাবেয়ি মায়মুন ইবনে মেহরান বলেন–

رُبَّ تَالٍ لِلْقُرْاٰنِ وَالْقُرْاٰنُ يَلْعَنُهُ (احياء علوم الدين)

কুরআনের অনেক পাঠক রয়েছে, কুরআন যাদেরকে অভিশাপ দেয়। অর্থাৎ, যারা সহিহভাবে তিলাওয়াত করে না, কুরআন তাদেরকে অভিশাপ দেয়।

সহিহভাবে কুরআন তিলাওয়াত করা আল্লাহর নির্দেশ। যেমন আল্লাহ তাআলা বলেন–

وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيلًا- (سورة المزمل)

আপনি তারতিল সহকারে কুরআন তিলাওয়াত করুন। (সূরা মুজ্জাম্মিল, ০৪)

বিশুদ্ধভাবে ধীরে ধীরে পাঠ করাকে তারতিল বলা হয়। তাই তাজভিদ অনুযায়ী সহিহভাবে কুরআন তিলাওয়াত করা সকলের কর্তব্য।

২য় পাঠ

মাখরাজ

মাখরাজ (مخرج) শব্দটি আরবি। এর অর্থ হলো উচ্চারণের স্থান, বের হওয়ার জায়গা। ইলমে তাজভিদের পরিভাষায়– আরবি হরফসমূহ যে সকল স্থান থেকে বের হয় বা উচ্চারিত হয়, ঐ সকল স্থানকে মাখরাজ বলা হয়।

আরবি হরফ মোট ২৯টি। এ ২৯টি হরফের জন্য ১৭টি মাখরাজ রয়েছে। কোনো মাখরাজ হতে একটি হরফ, কোনো মাখরাজ হতে দুটি হরফ, আবার কোনো মাখরাজ হতে তিনটি হরফ উচ্চারিত হয়। মাখরাজ জানার পদ্ধতি হলো, যে হরফের মাখরাজ জানা দরকার সে হরফের পূর্বে একটি হরকত বিশিষ্ট হামজা (اَ) ব্যবহার করতে হয় এবং উক্ত হরফে জযম (ْ / ـْـ) দিয়ে উচ্চারণ করতে হয়। যেমন: اَبْ اَتْ–اَكْ–اَضْ

যে স্থানে স্বর শেষ হবে, সেটাই সে হরফের মাখরাজ। নিম্নে মাখরাজগুলো তুলে ধরা হলো–

১ নম্বর মাখরাজ : কণ্ঠনালীর শুরু হতে ء–ه উচ্চারিত হয়।

২ নম্বর মাখরাজ : কণ্ঠনালীর মধ্যভাগ হতে ع–ح উচ্চারিত হয়।

৩ নম্বর মাখরাজ : কণ্ঠনালীর শেষভাগ হতে غ–خ উচ্চারিত হয়।

৪ নম্বর মাখরাজ : জিহ্বার গোড়া তার বরাবর উপরের তালুর সঙ্গে লেগে ق উচ্চারিত হয়।

৫ নম্বর মাখরাজ : জিহ্বার গোড়া হতে একটু আগের স্থান তার বরাবর উপরের তালুর সঙ্গে লেগে ك উচ্চারিত হয়।

৬ নম্বর মাখরাজ : জিহ্বার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সঙ্গে লেগে ج–ش–ي উচ্চারিত হয়।

৭ নম্বর মাখরাজ : জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোড়ার সাথে লেগে ض উচ্চারিত হয়।

৮ নম্বর মাখরাজ : জিহ্বার আগার কিনারা সামনের উপরের দাঁতের মাড়ির সাথে লেগে ل উচ্চারিত হয়।

৯ নম্বর মাখরাজ : জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সাথে লেগে ن উচ্চারিত হয়।

১০ নম্বর মাখরাজ : জিহ্বার মাথার উল্টো দিক তার বরাবর উপরের তালুর সাথে লেগে ر উচ্চারিত হয়।

১১ নম্বর মাখরাজ : জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লেগে ت – د – ط উচ্চারিত হয়।

১২ নম্বর মাখরাজ : জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের আগার সাথে লেগে ز ـ س ـ ص উচ্চারিত হয়।

১৩ নম্বর মাখরাজ : জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের আগার সাথে লেগে ث ـ ذ ـ ظ উচ্চারিত হয়।

১৪ নম্বর মাখরাজ : নিচের ঠোঁটের পেট উপরের দাঁতের মাথার সাথে লেগে ف উচ্চারিত হয়।

১৫ নম্বর মাখরাজ : দুঠোঁটের মাঝখান হতে ب – م – و উচ্চারিত হয়।

১৬ নম্বর মাখরাজ : মুখের খালি জায়গা হতে মাদ্দের তিনটি হরফ ي – و – ا উচ্চারিত হয়। যেমন: بَا – بُو – بِي

১৭ নম্বর মাখরাজ : নাকের বাঁশি হতে গুন্নাহ উচ্চারিত হয়। যেমন: اَنَّ – اِنَّ – اُنَّ

৩য় পাঠ

মাদ্দ

মাদ্দ (مَدٌّ) অর্থ- টেনে পড়া, দীর্ঘ করা। কোন হরফের হরকতকে দীর্ঘ করে টেনে পড়াকে মাদ্দ বলে।

মাদ্দের হরফ তিনটি। যথা :

১.আলিফ (ا) যখন খালি থাকে এবং ডানে যবর থাকে। যেমন : بَا

২. ওয়াও (و) যখন সাকিন থাকে এবং তার ডানে পেশ থাকে। যেমন : بُوْ

৩. ইয়া (ي) যখন সাকিন থাকে এবং তার ডানে যের থাকে। যেমন : بِيْ

মাদ্দ ১০ প্রকার। এখানে শুধু চার প্রকার মাদ্দ সম্পর্কে আলোচনা করা হলো। বাকি প্রকারগুলো পরবর্তী শ্রেণিতে আলোচনা করা হবে।

১. **মাদ্দে আসলি (مد أصلي):** যবরযুক্ত হরফের পর খালি আলিফ, পেশযুক্ত হরফের পর সাকিনযুক্ত ওয়াও এবং যেরযুক্ত হরফের পর সাকিনযুক্ত ইয়া হলে উক্ত হরফ এক আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। একে মাদ্দে তবায়ি বা মাদ্দে জাতিও বলে। যেমন—

نُوْحِيْهَا

২. **মাদ্দে মুত্তাসিল (مد متصل):** মাদ্দের হরফের পরে একই শব্দে হামজা হলে তাকে মাদ্দে মুত্তাসিল বলে। এটা চার আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। যেমন : سَآءَ ـ جَآءَ

৩. **মাদ্দে মুনফাসিল (مد منفصل):** মাদ্দের হরফের পরে ২য় শব্দের প্রথমে হামজা হলে তাকে মাদ্দে মুনফাসিল বলে। এটা তিন আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। যেমন—

لَآ اَعْبُدُ - وَمَآ اُنْزِلَ

৪. **মাদ্দে আরেজি (مد عارضي) :** মাদ্দের হরফের বামের হরফে ওয়াকফ হলে তাকে মাদ্দে আরেজি বলে। এমতাবস্থায় ডান দিকের হরফকে তিন আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। যেমন : رَبِّ الْعٰلَمِيْنَ - يَرْجِعُوْنَ

৪র্থ পাঠ
নুন সাকিন ও তানভিন

নুন (ن)-এর উপর সাকিন হলে তাকে নুন সাকিন (نُوْن سَاكِن) এবং দুই যবর, দুই যের ও দুই পেশকে তানভিন (تَنْوِيْن) বলে।

নুন সাকিন (نْ) তার পূর্বের হরফের সাথে মিলে একত্রে উচ্চারিত হয়। পৃথকভাবে একাকি উচ্চারিত হতে পারে না। যেমন : নুন সাকিন (نْ) হামযার সাথে মিলে আন (اَنْ) হয়েছে।

অনুরূপ তানভিন কোনো হরফের সাথে যুক্ত হওয়া ব্যতীত উচ্চারিত হয় না। এজন্য তাকে কোনো হরফের সাথে যুক্ত করতে হয়, তখন তানভিনে একটি গুপ্ত নুন উচ্চারিত হয়। যেমন—

اً ـ اٍ ـ اٌ

এখানে নুন গুপ্ত রয়েছে। যার প্রকৃত রূপ হলো اَنْ اِنْ اُنْ

নুন সাকিন ও তানভিন পাঠ করার নিয়ম চারটি। যথা :

১. ইযহার (اِظْهَار)

২. ইকলাব (اِقْلَاب)

৩. ইদগাম (اِدْغَام)

৪. ইখফা (اِخْفَاء)

নিম্নে এ প্রকারগুলো সম্পর্কে বর্ণনা করা হলো–

১. **ইযহার (اِظْهَار) :** এর শাব্দিক অর্থ- স্পষ্ট করে পাঠ করা। আর পরিভাষায়- নুন সাকিন ও তানভিনের পরে হরফে হলকি তথা কণ্ঠনালি হতে উচ্চারিত (ء ه ع ح غ خ) এ ছয়টির কোনো একটি আসলে নুন সাকিন ও তানভিনকে তার নিজ মাখরাজ থেকে গুন্নাহ ব্যতীত স্পষ্ট উচ্চারণ করাকে ইযহার বলে। যেমন–

عَذَابٌ اَلِيْمٌ – مِنْ خَوْفٍ - مِنْ اَلْفِ شَهْرٍ ۔ مِنْ اَجَلٍ ۔ فَلَا تَنْهَرْ ۔ كُلَّمَا رُزِقُوْا مِنْهَا ۔ لِمَنْ حَمِدَهٗ ۔ وَانْحَرْ ۔ مِنْ خَيْرٍ ۔ اَنْعَمْتَ ۔ وَلِاَنْعَامِكُمْ ۔ مِنْ غِلٍّ ۔ طَيْرًا اَبَابِيْلَ ۔ كُلَّ يَوْمٍ هُوَ فِيْ شَاْنٍ

২. **ইকলাব (اِقْلَاب) :** এর শাব্দিক অর্থ- পরিবর্তন করা। আর পরিভাষায়- নুন সাকিন ও তানভিনের পরে বা (ب) হরফ আসলে নুন সাকিন ও তানভিনকে মিম (م) দ্বারা পরিবর্তন করে পাঠ করাকে ইকলাব বলে। এস্থলে এক আলিফ পরিমাণ গুন্নাহ করে পাঠ করতে হয়।
যেমন–

سَمِيْعٌ ۢ بَصِيْرٌ ۔ مِنْ ۢ بَعْدِ ۔ مِنْ ۢ بَاْسٍ ۔ مِنْ ۢ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ ۔ مَنْ ۢ بَخِلَ

৩. **ইদগাম** (اِدْغَام) : এর শাব্দিক অর্থ- মিলিত করা। আর পরিভাষায়- কোনো শব্দের শেষ ভাগে নুন সাকিন বা তানভিন আসলে এবং তার পরবর্তী শব্দের প্রথম হরফটি يَرْمَلُوْنَ তথা ي ر ـ م ـ ل ـ و ـ ن এই ছয়টি হরফের যে কোনো একটি হরফ আসলে সে নুন সাকিন ও তানভিনকে উক্ত হরফের সাথে মিলিয়ে পড়তে হয়। যেমন–

مَنْ يَّفْعَلُ - مُحَمَّدٌ رَّسُوْلُ اللهِ - كَعَصْفٍ مَّاكُوْلٍ - سُلْطَانًا نَّصِيْرًا - مِنْ رَّحْمَةٍ - مِنْ رَّحِيْمٍ - مِنْ لَّدُنْكَ . عَزِيْزٌ رَّحِيْمٍ - وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةٍ - يَوْمَئِذٍ لَّخَبِيْرٍ -

এক্ষেত্রে ي–م–و–ن হলে গুন্নাহসহ এবং ر ও ل হলে গুন্নাহ ব্যতীত মিলিয়ে পড়তে হয়। প্রথম পদ্ধতিকে ইদগাম বিল গুন্নাহ এবং দ্বিতীয় পদ্ধতিকে ইদগাম বিলা গুন্নাহ বলে।

৪. **ইখফা** (اِخْفَاء) : এর শাব্দিক অর্থ - গোপন করা। আর পরিভাষায়- নুন সাকিন ও তানভিনের পরে ইখফার হরফ আসলে উক্ত নুন সাকিন ও তানভিনকে গুন্নাহর সাথে গোপন করে পাঠ করাকে ইখফা বলে।

ইখফার হরফ ১৫টি। যথা–

ت– ث– ج– د– ذ– ز– س– ش– ص– ض– ط – ظ – ف – ق – ك

উদাহরণ

عَيْنٌ جَارِيَةٌ - صَفًّا صَفًّا - قَوْمًا ضَالِّيْنَ - كَشَجَرَةٍ طَيِّبَةٍ - وَكَأْسًا دِهَاقًا - يَتِيْمًا ذَا مَقْرَبَةٍ - نَفْسًا زَكِيَّا - اَمْرٍ سَلَامٌ - سَبْعًا شِدَادًا - ظِلًّا ظَلِيْلًا - عُمْيٌ فَهُمْ - رِزْقًا قَالُوْا - ظُلْمًا كَثِيْرًا -

৫ম পাঠ

মিম সাকিন

মিম (م) হরফের উপর জযম বা সাকিন হলে তাকে মিম সাকিন বলে। মিম সাকিন পাঠ করার নিয়ম তিনটি। যথা–

১. ইজহার (اِظْهَار) ২. ইদগাম (اِدْغَام) ৩. ইখফা (اِخْفَاء)

নিম্নে এ সম্পর্কে আলোচনা করা হলো–

১. ইজহার (اِظْهَار)

মিম সাকিনের পরে 'বা' (ب) এবং 'মিম' (م) ব্যতীত বাকি ২৭ হরফের কোন একটি হরফ আসলে উক্ত মিম সাকিনকে স্পষ্ট করে পাঠ করাকে ইযহার বলে। যেমন : اَلَمْ تَرَ - اَلْحَمْدُ

২. ইদগাম (اِدْغَام)

মিম সাকিনের পরে অপর একটি হরকতযুক্ত 'মিম' (م) হলে উক্ত মিম সাকিনকে পরবর্তী মিমের সাথে মিলিয়ে গুন্নাহসহ পাঠ করাকে ইদগাম বলে।

যেমন– اَمْ مَّنْ خَلَقَ - فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ

৩. ইখফা (اِخْفَاء)

মিম সাকিনের পরে 'বা' (ب) হরফ হলে ঐ মিম সাকিনকে গুন্নাহসহ পড়াকে ইখফা বলে। উচ্চারণকালে দুই ঠোঁট মিলিত হয়ে কিঞ্চিৎ গুন্নাহ লোপ পায় এবং এক আলিফ হতে দেড় আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়। একে ইখফায়ে শাফাভি বলে।

যেমন– وَمَا هُمْ بِمُؤْمِنِيْنَ - تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ

৬ষ্ঠ পাঠ
ওয়াজিব গুন্নাহ

ওয়াজিব গুন্নাহ : হরকতের বামে অবস্থিত নুন ও মিম অক্ষরে তাশদিদ যুক্ত হলে উক্ত নুন ও মিম-কে গুন্নাহ করে পড়তে হয়। একে ওয়াজিব গুন্নাহ বলা হয়।

ওয়াজিব গুন্নাহ এক আলিফ পরিমাণ দীর্ঘ হয়। ওয়াজিব গুন্নাহ যথানিয়মে আদায় করা অত্যাবশ্যক। ওয়াজিব গুন্নাহ এক আলিফ পরিমাণ দীর্ঘ করা না হলে তিলাওয়াত সহিহ হবে না। ইচ্ছাকৃত ওয়াজিব গুন্নাহ পরিহার করা উচিত নয়। যেমন– مِمَّ ـ جَنَّةٌ ـ إِنَّ ـ لَهُنَّ ـ فِي النَّارِ

৭ম পাঠ
ر (রা) হরফ পড়ার বিবরণ

ر (রা) অক্ষরকে দু'নিয়মে পড়তে হয়। যথা : পোর ও বারিক।

ক) ر হরফ পাঁচ অবস্থায় পোর তথা মোটা করে পড়তে হয়।

(১) ر হরফে পেশ বা যবর থাকলে। যেমন- اَلرَّحِيْمُ – رُبَمَا

(২) ر হরফ সাকিন অবস্থায় তার পূর্বের হরফে যবর বা পেশ হলে। যেমন- بَرْدًا – زُرْتُمْ

(৩) ر হরফ সাকিন অবস্থায় তার পূর্বের হরফে আরেজি যের হলে। আরেজি যের মূলত যের নয়, বরং সাকিন হরফকে মিলিয়ে পড়ার জন্য আসে। যেমন–
اِلَّا لِمَنِ ارْتَضٰى

(৪) ر হরফ সাকিন অবস্থায় তার পূর্বের হরফে যের ও পরের হরফ হুরুফে মুস্তালিয়ার কোনো একটি হলে। হুরুফে মুস্তালিয়া ৭টি। যথা : ق – خ – غ – ظ – ط – ض – ص
যেমন - مِرْصَادٌ–قِرْطَاسٌ

(৫) ওয়াকফের দরুন ر হরফ সাকিন অবস্থায় তার পূর্বে ي ছাড়া অন্য হরফ সাকিন বিশিষ্ট হলে এবং সাকিন বিশিষ্ট হরফের ডান দিকের হরফে যবর বা পেশ থাকলে। যেমন–
مِنْ كُلِّ اَمْرٍ–لَفِيْ خُسْرٍ

খ) ر হরফ চার অবস্থায় বারিক তথা পাতলা করে পড়তে হয়। যথা–

(১) ر হরফে যের হলে। যেমন– اَلْقَارِعَةُ - قَرِيْبٌ

(২) ر হরফে সাকিন অবস্থায় তার পূর্বের হরফে আসলি তথা মৌলিক যের হলে। যেমন– فَاصْبِرْ - فَذَكِّرْ

(৩) ওয়াকফ করার সময় ر হরফের ডানে ي সাকিন হলে ও ي সাকিনের পূর্বের হরফে যবর হলে। যেমন– خَيْرٌ - صَيْرٌ

(৪) ওয়াকফ করার সময় ر হরফের ডানে ي ছাড়া অন্য হরফে সাকিন হলে ও সাকিন বিশিষ্ট হরফের ডানে যের হলে। যেমন– وَلَا بِكْرٌ - لِذِيْ حِجْرٍ

৮ম পাঠ

اللهُ (আল্লাহ) শব্দের ل (লাম) পড়ার বিবরণ

اللهُ (আল্লাহ) শব্দের ل (লাম) দুই নিয়মে পড়তে হয়। পোর ও বারিক।

ক. পোর পড়ার নিয়ম

اللهُ শব্দের লামের পূর্বের অক্ষরে যদি যবর বা পেশ থাকে, তাহলে আল্লাহ শব্দের লামকে পোর তথা মোটা করে পড়তে হয়। যেমন– اَللّٰهُ الصَّمَدُ – نَصَرَكُمُ اللهُ

খ) বারিক পড়ার নিয়ম

اللهُ শব্দের লামের পূর্বের অক্ষরে যদি যের থাকে, তাহলে আল্লাহ শব্দের লামকে বারিক তথা পাতলা করে পড়তে হয়। যেমন– اَعُوْذُ بِاللهِ – لِلّٰهِ

অনুশীলনী

১। এককথায় উত্তর দাও :

ক. তাজভিদ অর্থ কী ?
খ. তাজভিদ অনুযায়ী কুরআন মাজিদ তিলাওয়াত করার হুকুম কী ?
গ. কুরআন মাজিদ ভুল পাঠ করলে কী হয় ?
ঘ. মাখরাজ অর্থ কী ?
ঙ. মাখরাজ মোট কয়টি ?
চ. কণ্ঠনালীর শুরু হতে কী কী অক্ষর উচ্চারিত হয় ?
ছ. গুন্নাহ কোথা থেকে উচ্চারিত হয় ?
জ. মাদ্দ অর্থ কী ?
ঝ. মাদ্দের হরফ কয়টি ও কী কী ?
ঞ. মাদ্দে আসলি কয় আলিফ টানতে হয় ?
ট. মাদ্দে আরেজি কয় আলিফ টানতে হয় ?
ঠ. মাদ্দে মুনফাসিল কয় আলিফ টানতে হয় ?
ড. মাদ্দে মুত্তাসিল কয় আলিফ টানতে হয় ?
ঢ. তানভিন কাকে বলে ?
ড. নুন সাকিন ও তানভিনের কায়দা কয়টি ও কী কী ?
ণ. ইজহার অর্থ কী ?
ত. ইকলাবের হরফটি কী ?
থ. ইদগাম কত প্রকার ?
দ. ইখফার হরফ কয়টি ?
ধ. মিম সাকিনের কায়দা কয়টি ও কী কী ?
ন. কোন কোন হরফে তাশদিদ হলে গুন্নাহ করা ওয়াজিব হয় ?
প. 'রা' হরফকে কত অবস্থায় পোর পড়তে হয় ?
ফ. 'রা' হরফকে কত অবস্থায় বারিক পড়তে হয় ?
ব. আল্লাহ শব্দের লামকে কখন মোটা করে পড়তে হয় ?
ভ. আল্লাহ শব্দের লামকে কখন বারিক করে পড়তে হয় ?

২। সঠিক উত্তরটি লেখ :

ক. তাজভিদ অনুযায়ী কুরআন পড়ার হুকুম কী ? ফরজ /ওয়াজিব/ সুন্নাত

খ. আরবি হরফের মাখরাজ মোট কয়টি ? ১৯টি / ১৭টি / ১৬টি

গ. দুই ঠোঁটের মাঝখান হতে উচ্চারিত হয় কোন হরফটি ? ب/ء/ج

ঘ. মাদ্দে মুত্তাসিল টানতে হয় কত আলিফ ? এক/ তিন/ চার

ঙ. নুন সাকিন ও তানভিনের কায়দা মোট কয়টি ? তিন/ চার/ পাঁচ

চ. ইদগাম কত প্রকার ? ২/ ৩/ ৪

ছ. ইখফার হরফ কোনটি ? ت/ب/ي

জ. নুনের উপর তাশদিদ হলে কী করতে হয় ? গুন্নাহ/ পোর/ বারিক

ঝ. 'রা' হরফে পেশ হলে তা কীভাবে উচ্চারিত হয়? মোটা/ পাতলা/ মাঝামাঝি

ঞ. আল্লাহ শব্দের পূর্বে যের থাকলে তার লাম হরফ কীভাবে উচ্চারিত হয়? মোটা/পাতলা/ গুন্নাহ।

৩। শূন্যস্থান পূরণ কর :

ক. তাজভিদ মানে .....।
খ. অশুদ্ধ পাঠকারীকে কুরআন ..... দেয়।
গ. ..... অর্থ বের হওয়ার স্থান ।
ঘ. মুখের খালি স্থান থেকে উচ্চারিত হয় ..... হরফ।
ঙ. মাদ্দে আসলির অপর নাম মাদ্দে .....।
চ. দুই যরব, দুই যের ও দুই পেশকে ..... বলে।
ছ. ينفقون শব্দটি ..... এর উদাহরণ।
জ. মিম সাকিনের পরে মিম আসলে ..... করতে হয়।
ঝ. 'রা' হরফে যবর থাকলে ..... করে পড়তে হয়।
ঞ. 'রা' হরফে যের থাকলে ..... করে পড়তে হয়।

৪ । নিম্নের শব্দসমূহের দাগ দেয়া অংশের তাজভিদের কায়দা বর্ণনা করো :

لَا اَعْبُدُّ۔ اولٰٓئك۔ رب العالمين۔ من يفعل۔ انعمت۔ عذاب اليم۔ ينفقون۔

سميع بصير۔ امْ مّنْ خَلق۔ ترميهم بحجارة۔ انّ ــ مرصاد۔ فرعون۔

رسول الله۔ بسم الله۔ الرحمن۔ خير۔ يرجعون۔

৬ । বাম পাশের শব্দের সাথে ডান পাশের শব্দের মিল করো :

বাম	ডান
তাজভিদ অর্থ	৩টি
মাখরাজ	ফরজ
ر বর্ণে যবর হলে	মোট ১৭টি
তাজভিদ অনুযায়ী কুরআন পড়া	সুন্দর করা
মাদ্দের হরফ	৪টি
ن/م এ তাশদিদ হলে	৩টি
নুন সাকিনের আহকাম	পোর হবে
মিম সাকিনের বিধান	ওয়াজিব গুন্নাহ

৬ । রচনামূলক প্রশ্নাবলি :

ক. ইলমে তাজভিদ কাকে বলে ? এর গুরুত্ব আলোচনা করো।

খ. মাখরাজ কাকে বলে ? ১নং থেকে ৫নং মাখরাজ উদাহরণসহ বর্ণনা করো।

গ. মাদ্দ কাকে বলে ? মাদ্দে আসলি উদাহরণসহ আলোচনা করো।

ঘ. মাদ্দে মুত্তাসিল, মুনফাসিল ও মাদ্দে আরেজি উদাহরণসহ আলোচনা করো।

ঙ. নুন সাকিন ও তানভিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।

চ. মিম সাকিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।

ছ. 'রা' হরফকে পোর পড়ার স্থানগুলো উদাহরণসহ বর্ণনা করো।

জ. 'রা' হরফকে বারিক পড়ার স্থানগুলো উদাহরণসহ বর্ণনা করো।

ঝ. আল্লাহ (الله) শব্দের লামকে পোর ও বারিক পড়ার নিয়মগুলো উদাহরণসহ বর্ণনা করো।

নমুনা প্রশ্ন
বার্ষিক পরীক্ষা
ইবতেদায়ি ৪র্থ শ্রেণি
বিষয় : কুরআন মাজিদ ও তাজভিদ

পূর্ণমান : ১০০ সময় : ২ ঘন্টা

লিখিত : ৬০

১। এককথায়/একবাক্যে উত্তর দাও: ১০× ১ = ১০

ক. কুরআন মাজিদ কী ?
খ. কুরআন মাজিদ কোন ফেরেশতার মাধ্যমে নাজিল হয় ?
গ. মাক্কি সূরার সংখ্যা কত ?
ঘ. কুরআন মাজিদের সূরার সংখ্যা কত ?
ঙ. জামিউল কুরআন কাকে বলা হয় ?
চ. প্রয়োজন মতো কুরআন মুখস্থ করার হুকুম কী?
ছ. সূরাতুল আসরের আয়াত সংখ্যা কত ?
জ. সূরাতুল কারিয়ায় কতটি আয়াত রয়েছে ?
ঝ. তাজভিদ অর্থ কী ?
ঞ. ইকলাবের হরফটি কী ?

২। হরকতসহ মুখস্থ লেখ (যে কোনো ১টি) : ১× ১০ = ১০

ক) সূরাতুয যিলযালের প্রথম পাঁচ আয়াত
খ) সূরাতুল কারিয়ার শেষ চার আয়াত

৩। হরকত ছাড়া মুখস্থ লেখ (যে কোনো ১টি) : ১× ১০ = ১০

ক) সূরাতুল আসর
খ) সূরাতুল হুমাযার প্রথম চার আয়াত

৪। শূন্যস্থান পূরণ কর : ৫× ২ = ১০

ক) وَاَخْرَجَتِ ..... اَثْقَالَهَا
খ) فَهُوَ فِيْ ..... رَّاضِيَةٍ
গ) ثُمَّ لَتُسْئَلُنَّ يَوْمَئِذٍ ..... النَّعِيْمِ
ঘ) اِنَّ الْاِنْسَانَ ..... لَكَنُوْدٌ
ঙ) ..... اِنَّ الْاِنْسَانَ لَفِيْ
চ) اَلَّتِيْ تَطَّلِعُ ..... الْاَفْئِدَةِ

৫। যে কানো দু'টি প্রশ্নের উত্তর দাও : ২× = ১০

ক. ইলমে তাজভিদের পরিচয় ও গুরুত্ব সম্পর্কে লেখ।
খ. মিম সাকিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।
গ. মাদ্দে মুত্তাসিল ও মুনফাসিলের সংজ্ঞা উদাহরণসহ লেখ।

৬। নিচের শব্দসমূহের দাগ দেয়া অংশের তাজভিদের কায়দা বর্ণনা কর (যে কোনো ৫টি) : ৫×২ = ১০

فرعون ـ يرجعون ـ عذاب اليم ـ ينفقون ـ سميع بصير ـ امْ مّنْ خَلق

মৌখিক : ৪০

১। দেখে দেখে পড় : ১০

يَاَيُّهَا الْمُزَّمِّلُ [لا] ﴿١﴾ قُمِ اللَّيْلَ اِلَّا قَلِيْلًا [لا] ﴿٢﴾ نِّصْفَهٗٓ اَوِ انْقُصْ مِنْهُ قَلِيْلًا [لا] ﴿٣﴾ اَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيْلًا [ط] ﴿٤﴾ اِنَّا سَنُلْقِيْ عَلَيْكَ قَوْلًا ثَقِيْلًا ﴿٥﴾ اِنَّ نَاشِئَةَ الَّيْلِ هِيَ اَشَدُّ وَطْأً وَّاَقْوَمُ قِيْلًا [ط] ﴿٦﴾

২। সূরাতুল কারিয়াহ মুখস্থ বল। ১০

৩। ض , س , ج এর মাখরাজ বল। ১০

৪। এককথায় উত্তর দাও : ৫×২ = ১০

ক. কুরআন মাজিদের প্রথম সূরার নাম কী ?
খ. কাতেবে অহির সংখ্যা কত জন ?
গ. জ্ঞানকে কিসের সাথে সাদৃশ্য দেয়া হয়েছে ?
ঘ. সূরাতুত তাকাসুর কোথায় নাজিল হয়েছে ?
ঙ. 'রা' হরফকে কত অবস্থায় বারিক পড়তে হয় ?

শিক্ষক নির্দেশিকা

আল্লাহ তাআলা কুরআন মাজিদে মানবজীবনের সকল বিষয়ের নির্দেশনা প্রদান করেছেন। এ মহাগ্রন্থে যেমনিভাবে মানবজীবনের আত্মিক বিষয়ের বর্ণনা দেয়া হয়েছে তেমনিভাবে মানুষের পার্থিব কর্মকাণ্ডের স্পষ্ট বিধানাবলির বিবরণও দেয়া হয়েছে। কুরআন মাজিদের এসব বিষয়াবলি জানার জন্য কুরআন মাজিদ অধ্যয়ন করা অত্যাবশ্যক। এ উদ্দেশ্যেই মাদ্রাসা শিক্ষার সর্বস্তরের শিক্ষার্থীদের জন্য কুরআন মাজিদকে শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে।

কুরআন মাজিদ শিক্ষাদান পদ্ধতিতে এ পর্যন্ত গতানুগতিক ধারা অনুসৃত হয়ে আসছে কিন্তু মানবজীবন গতিশীল এবং তার কর্মকাণ্ডের ধারাও পরিবর্তনশীল হওয়ায়, শিক্ষাদান ব্যবস্থায়ও বিশ্বব্যাপী আমূল পরিবর্তন সূচিত হয়েছে। সেজন্য বিশ্বব্যাপী আর্থ-সামাজিক অবস্থার বিশেষ পরিবর্তন, নৈতিক শিক্ষার প্রয়োজন এবং জাতীয় ঐতিহ্যের প্রেক্ষিতে, সরকার কর্তৃক জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুমোদিত হয়েছে। এ শিক্ষানীতির আলোকে কুরআন মাজিদ শিক্ষাকে বাস্তবমুখী, জীবনঘনিষ্ঠ, ফলপ্রসূ এবং শিক্ষার্থীদেরকে আধুনিকমনস্ক, কর্তব্যপরায়ণ, দক্ষকর্মী, মূল্যবোধসম্পন্ন, দেশপ্রেমিক ও সৎ ও যোগ্য সুনাগরিক গড়ে তোলার উদ্দেশ্যে এই পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে।

পুস্তকটিতে কারিকুলামের নির্দেশনা অনুযায়ী কুরআন মাজিদের উপর একটি ভূমিকা, মুখস্থ করণের জন্য কয়েকটি সূরা, নাজেরা পড়ার জন্য কয়েকটি সূরা দেওয়া হয়েছে। অধ্যায়/পাঠশেষে অনুশীলনী সংযোজন করা হয়েছে। পুস্তকটির শেষ ভাগে তাজভিদ অংশ সংযোজন করা হয়েছে।

পাঠদান প্রক্রিয়া, শিক্ষার্থীদেরকে পাঠ আয়ত্ত করানো এবং পাঠের প্রতি আগ্রহ সৃষ্টি করা শিক্ষকের নিজস্ব কৌশল প্রয়োগের উপর বহুলাংশে নির্ভরশীল। তা সত্ত্বেও সম্মানিত শিক্ষকের জন্য নিচে কিছু পরামর্শ প্রদান করা হলো:

১। কুরআন মাজিদ আল্লাহর কালাম বিধায় তা সর্বদা স্পর্শ ও তিলাওয়াত অজু অবস্থায় হচ্ছে কি না,সে বিষয়ে লক্ষ্য রাখা জরুরি।

২। পুস্তকটির পাঠ আরম্ভ করার সময় ১/২টি ক্লাসে কুরআনের মাহাত্ম্য, মর্যাদা ও গুরুত্ব উপস্থাপন করা প্রয়োজন। যাতে শিক্ষার্থীদের মনে গ্রন্থটি অধ্যয়নের আগ্রহ সৃষ্টি হয়।

৩। পুস্তকটির প্রতি অধ্যায় বা পাঠে উল্লেখিত শিক্ষক নির্দেশিকা অনুসারে পাঠদান করা প্রয়োজন।

৪। প্রতিটি পাঠ শুরু করার পূর্বে পাঠের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করা।

৫। শিক্ষার্থীদেরকে সূরাগুলো শিক্ষাদানের সময় তাজভিদের উপর গুরুত্বারোপ করতে হবে। তাজভিদের নিয়মগুলো বোর্ডে লিখে শেখাতে হবে।

৬। বিভিন্ন সাময়িক পরীক্ষা ছাড়াও পাক্ষিক ও মাসিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে পাঠ মূল্যায়নের ব্যবস্থা করা যেতে পারে।

৭। প্রকৃতপক্ষে, একজন কর্তব্যপরায়ণ শিক্ষক তাঁর নিজস্ব উদ্ভাবিত কৌশলের মাধ্যমে শিক্ষার্থীকে জ্ঞান অর্জনে যোগ্য করে গড়ে তুলতে পারেন।

সমাপ্ত

২০২৬ শিক্ষাবর্ষ

ইবতেদায়ি চতুর্থ শ্রেণি : কুরআন মাজিদ ও তাজভিদ

হে আমার রব, আমার জ্ঞান বৃদ্ধি করে দিন।

–সূরা ত্বহা : ১১৪

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত এবং
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য